আইসিটি শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখঃ ২৩/০৩/২৩
নং-
এআইজি আইসিটি
অতিঃ এসপি (আইসিটি)
এএসপি (আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd

মুজিব ১০০

অতীব জরুরি

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০০১.২৩- ৫৫৮ তারিখ:- ১৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতিসংঘ শান্তিরক্ষা মিশন Formed Police Unit (FPU)-এ কমান্ডার (পুলিশ সুপার) এবং কমান্ডিং স্টাফ (সহকারী পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপার) হিসেবে প্রেরণের জন্য আগ্রহী পুলিশ কর্মকর্তাদের (নারী) আবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন FormedPolice Unit (FPU)-এ ২০২৪ সালের রোটেশনে প্রেরণের জন্য এবং ০১ টি Standby BANFPUএর জন্য বাংলাদেশ পুলিশের সকল জেলা/ইউনিটে সহকারী পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার ও পুলিশ সুপার পদমর্যাদার কর্মকর্তাদের (নারী)-কে অবহিতকরতঃ আগ্রহী নারী পুলিশ কর্মকর্তাদের আবেদন/মনোনয়ন নিম্নবর্ণিত 'শর্তাবলি' ও 'ছক' মোতাবেক আগামী ১০/০৪/২০২৩ পুন: ১০/০৪/২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(১) ন্যূনতম চাকুরীকাল ৫ বছর হতে হবে। নিম্নোক্ত ছক মোতাবেক নামের তালিকা প্রেরণ করবেন। সকল ইউনিট প্রধান/রেঞ্জ ডিআইজি (জেলার ক্ষেত্রে)গণকে একীভূত করে মনোনয়ন প্রেরণ করতে হবে। জেলা/ইউনিট হতে যথাযথ কর্তৃপক্ষের (ইউনিট প্রধান/রেঞ্জ ডিআইজি-জেলার ক্ষেত্রে) মাধ্যম ব্যতীত এবং সুনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ ব্যতিরেকে প্রেরিত মনোনয়ন এবং ব্যক্তিগত আবেদন মিশনে প্রেরণের জন্য গ্রহণ করা হবে না।

"ছক"

| ক্রমিক | বিপি নম্বর | পদবি | নাম | ইউনিট | জন্ম তারিখ | চাকুরিতে যোগদানের তারিখ | শিক্ষাগত যোগ্যতা | বিশেষ অভিজ্ঞতা/ যোগ্যতা | ভাষা জ্ঞান | মিশন অভিজ্ঞতা | শাস্তি | | ইতোপূর্বে মিশনে কোন বিরূপ মন্তব্য পেয়েছেন কিনা | জাতীয় বেতন স্কেল গ্রেড নং | সর্বশেষ মিশন | | মোবাইল |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | দিন.মাস.বছর | দিন.মাস.বছর | | | | | লঘু (সর্বশেষ প্রাপ্যতার তারিখ সহ) | গুরু | | | মিশনের নাম | প্রত্যাবর্তনের তারিখ | |
| | | | | | | | | | | | | | | | | | |

(২) French এবং English Language-এদক্ষতা সম্পন্ন কর্মকর্তাগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

(৩) পুলিশ হেডকোয়ার্টার্স এর সিলেকশন বোর্ড এবং গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ পুলিশ কর্মকর্তাগণ FPU মিশনে গমনের জন্য প্রাথমিকভাবে মনোনীত হবেন। সর্বোপরি FPAT কর্তৃক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ চুড়ান্তভাবে মিশনে গমনের যোগ্য মর্মে বিবেচিত হবে।

(৪) কোন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন থাকলে কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হলে বা বিগত ২ বছরের মধ্যে লঘুদণ্ড প্রাপ্ত হতে বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হলে এবং কখনো International Human Rights Law/International Humanitarian Lawভঙ্গ করলে বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হলে অথবা পূর্ববর্তী মিশনে বিরূপ মন্তব্য প্রাপ্ত হলে মিশনে গমন করতে পারবে না এবং তার নাম প্রেরণ করা যাবে না।

(৫) ইউনিট হতে মনোনীত/আবেদনকারী সদস্যের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননিবা বিগত ২ বছরের মধ্যে লঘুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা InternationalHumanitarian Lawভঙ্গ করেননি এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

(৬) মনোনীত কর্মকর্তাগণের নামের তালিকার সফট কপি (MS Excel/SutonnyMJ ফন্ট-এ) সিডি/ই-মেইল মারফত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২৭/০৩/২০২৩

সংযুক্তিঃ ০১ পাতা

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)
বিপি-৭৮০৩০২৭৫১৬
অ্যাডিশনাল ডিআইজি (ওভারসিস অ্যান্ড ইউএন অপারেশনস্), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফোনঃ ০২২২৩৩৮১৭৩০

১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা

২। মহাপরিচালক, র‍্যাব, র‍্যাব ফোর্সেস, হেডকোয়ার্টার্স, ঢাকা
৩। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪। অতিরিক্ত আইজি, এন্টি টেররিজম ইউনিট, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫। অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৬। অতিরিক্ত আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৭। অতিরিক্ত আইজি, নৌ পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৮। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
৯। অতিরিক্ত আইজি, পিবিআই, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১০। অতিরিক্ত আইজি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১১। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১২। অতিরিক্ত আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৩। অতিরিক্ত আইজি, পুলিশ টেলিকম সংস্থা, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৪। অতিরিক্ত আইজি, ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
১৫। রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর-১৪, ঢাকা
১৬। পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি/গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/রংপুর মেট্রোপলিটন পুলিশ
১৭। পরিচালক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা
১৮। ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ রেঞ্জ/এসপিবিএন, বাংলাদেশ পুলিশ
১৯। কমান্ড্যান্ট, ডিটিএস, সিআইডি, ঢাকা/এসবি ট্রেনিং স্কুল, ঢাকা/টিডিএস, মিলব্যারাক, ঢাকা
২০। কমান্ড্যান্ট, পিটিসি টাংগাইল/নোয়াখালী/রংপুর/খুলনা/এপিবিএন এন্ড বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি
২১। অতিরিক্ত ডিআইজি (হেডকোয়ার্টার্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
২২। অধিনায়ক,.................................. এপিবিএন (সকল).......................
২৩। অধিনায়ক, এসপিবিএন-১/এসপিবিএন-২, ঢাকা
২৪। কমান্ড্যান্ট, আরআরএফ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর
২৫। পুলিশ সুপার (সকল)............................(হাইওয়ে ও রেলওয়েসহ)
২৬। পরিচালক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ (সকল)
২৭। কমান্ড্যান্ট, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
২৮। কমান্ড্যান্ট, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার (সকল)

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০০১.২৩-৫৮৮/৭(৮)

তারিখঃ- ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ২৯ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি সংযুক্ত কাগজপত্রসহ পুলিশওয়েবসাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
২। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্‌স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি বাংলাদেশ পুলিশ এর অফিসিয়াল ফেইসবুক পেইজে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (অপারেশনস্ কন্ট্রোল রুম), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (তাকে পত্রটি সংশ্লিষ্ট ইউনিট/কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিতকরতঃ ডায়েরীভুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।

২৯/৩/২০২৩

সংযুক্তিঃ ০১ পাতা

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)
বিপি-৭৮০৩০২৭৮১৬
অ্যাডিশনাল ডিআইজি (ওভারসিস অ্যান্ড ইউএন অপারেশনস্), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফোনঃ ০২২২৩৩৮১৭৩০

সংযুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইউনিটের নামঃ..........
ইউনিটের ঠিকানাঃ ..........
ওয়েব সাইটঃ................

## প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নামঃ........................., বিপিঃ............................... পদবী, ........................, ইউনিটঃ................... এর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হননি।

এছাড়া, তিনি কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করেননি বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হননি। ইতঃপূর্বে কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোনরূপ বিরূপ মন্তব্য পাননি।

আমি তাঁর সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

(ইউনিট প্রধান/প্রত্যয়নকারী কর্মকর্তা)
স্বাক্ষরঃ.......................................
নামঃ..........................................
বিপিঃ.........................................
পদবীঃ.........................................
ঠিকানাঃ ....................................
ফোনঃ.........................................
ই-মেইলঃ ..................................